www.autismeducationtrust.org.uk

আপনার শিশুর জন্য স্কুল পছন্দ করা

Choosing a school for your child
Bengali version

Tel: 07795 667749
Email: info@autismeducationtrust.org.uk
393 City Road, London EC1V 1NG, UK

আপনার শিশুর জন্য স্কুল পছন্দ করা

একটি বাচ্চার জন্য একটি স্কুল অথবা early years centre (আর্লি ইয়্যারস্ সেন্টার) পছন্দ করা যেকোন মাবাবার জন্য বিভ্রান্তিকর হতে পারে কারণ এজন্য তাদের হাতে নানা বিকল্পের ব্যবস্থা আছে। এই লিফলেটের উদ্দেশ্য হল আপনাকে বিভিন্ন ধরনের স্কুলের বিষয় ব্যাখ্যা করা এবং যেসব বাচ্চার (অটিজম স্পেকট্রাম ডিজঅর্ডার) autism spectrum disorder (autism (অটিজম) এবং Asperger syndrome (এ্যাসপার্জার সিনড্রম) সহ) আছে তাদের জন্য স্কুল বাছাই করতে সাহায্য করে এমন কিছু পরামর্শ দেয়া।

অপনি যখন স্কুল খুঁজবেন তখন আপনি ‘special educational needs’ (স্পেশাল এডুকেশান নিডস্) শব্দটি শুনতে পাবেন। যুক্তরাজ্যে special educational needs (SEN) (স্পেশাল এডুকেশান নিডস্ (এসইএন)) শব্দটি দ্বারা যেসব বাচ্চার শেখার সমস্যা অথবা ডিজএ্যাবিলিটি আছে এবং যার ফলে সমবয়সী অন্যান্য বাচ্চাদের তুলনায় এই বাচ্চাদের শিখতে সমস্যা হয়, তাদেরকে বুঝানো হয়। একারণে autism spectrum disorders (ASD) (অটিজম স্পেকট্রাম ডিজঅর্ডার (এএসডি))-কে প্রায়শই স্পেশাল এডুকেশান নিডস্ বলা হয়।

আপনার বাচ্চার জন্য উপযুক্ত স্কুল সম্বন্ধে চিন্তাভাবনা করার আগে যেসব ধরনের স্কুল আছে সেগুলি সম্বন্ধে জেনে নেয়া গুরুত্বপূর্ণ। যেহেতু এএসডি প্রতিটি ব্যক্তিকে বিভিন্নভাবে প্রভাবিত করে তাই যেহেতু প্রতিটি শিশুই আলাদা সেহেতু তাদের চাহিদার দিকে লক্ষ্য রেখে তাদের জন্য কোন্‌টা উপযুক্ত স্কুল হতে পারে সেটি বিবেচনা করা গুরুত্বপূর্ণ।

কোন্ স্কুলগুলিতে ভর্তি করা যাবে?

কে স্কুলের জন্য তহবিল সরবরাহ করছে এবং এর নীতিমালা নিয়ন্ত্রণ করছে তার উপরে ভিত্তি করে প্রধাণতঃ দুই ধরনের স্কুল আছে। এগুলি হল state or maintained school (স্টেট অথবা মেনটেইন্ড স্কুল) যেগুলিকে সাধারণতঃ আপনার স্থানীয় কর্তৃপক্ষ তহবিল দিয়ে থাকে। স্কুলে যাবার উপযুক্ত বয়সের প্রতিটি শিশুর অথরিটির আওতাধীন একটি maintained school-এ (মেনটেইন্ড স্কুল) আসন পাবার অধিকার আছে।

নন-মেনটেইন্ড অথবা independent school-গুলির (ইন্ডিপেন্ডেন্ট স্কুল) ভিতরে special school-গুলি (স্পেশাল স্কুল) থাকতে পারে, এর সাথে থাকতে পারে সেসব স্কুল যেগুলি সুনির্দিষ্ট ধর্মীয় বিশ্বাস অথবা সংস্কৃতির শিক্ষার্থীদের লক্ষ্য করে শিক্ষা দেয়। মাবাবারা নিজেদের খরচে তাদের বাচ্চাদের এসব স্কুলে পাঠাতে পারেন অথবা কিছু ক্ষেত্রে তারা লোকাল অথরিটিকে এই খরচ প্রদান করতে বাধ্য করতে পারেন। এই দুই প্রধান ধরনের আওতায় বিভিন্ন ধরনের স্কুল আছে।

স্কুলের ধরনঃ

- **Mainstream schools (মেইনস্ট্রিম স্কুলগুলি):** মেইনস্ট্রিম স্কুলগুলি হল সাধারণ স্কুল যেগুলি প্রাইমারী এবং সেকেন্ডারী স্কুল বয়সী সব বাচ্চাদের জন্য। এগুলি রাষ্ট্র পরিচালিত অথবা স্বাধীন হতে পারে। যুক্তরাজ্যের আইন অনুসারে Special Educational Needs Disability Act 2001 (স্পেশাল এডুকেশনাল নিডস্ ডিজএ্যাবিলিটি এ্যাক্ট ২০০১) যেসব বাচ্চাদের এএসডি আছে তাদেরসহ যাদের ডিজএ্যাবিলিটি অথবা স্পেশাল নিডস্ আছে তাদের সবার একটি মেইনস্ট্রিম স্কুলে পড়াশোনা করার অধিকার আছে। সাধারণতঃ মেইনস্ট্রিম স্কুলগুলি একজন ক্লাসরুম এ্যাসিস্টেন্টের মাধ্যমে বিশেষ সরঞ্জাম, বিশেষ শিক্ষা পরিকল্পনা অথবা বাড়তি সাহায্য প্রদান করে থাকে।

- **মেইনস্ট্রিম স্কুলের ভেতরে একটি বেজ অথবা ইউনিট:** একটি specialist unit or resource base (স্পেশালিস্ট ইউনিট অথবা রিসোর্স বেজ) হল যেখানে একটি মেইনস্ট্রিম প্রাইমারী এবং সেকেন্ডারী স্কুলের যেসব শিক্ষার্থীদের এএসডি আছে তাদের জন্য আলাদা ক্লাস নেবার জায়গা। এই ইউনিট অথবা বেজগুলিতে অন্ততঃপক্ষে একজন যোগ্যতাসম্পন্ন শিক্ষক থাকেন যিনি এই বেজের ভেতরে কিছু সময়ের জন্য যেসব শিক্ষার্থীর এএসডি আছে তাদেরকে শিক্ষা দেন এবং যখন দরকার হয় তখন তাদেরকে মেইনস্ট্রিম স্কুলের পড়াশোনা করতে সাহায্য করেন।

- **Special schools (স্পেশাল স্কুলগুলি):** Special school-গুলির (স্পেশাল স্কুলগুলি) লক্ষ্য হল যেসব বাচ্চাদের ডিজএ্যাবিলিটি অথবা স্পেশাল এডুকেশনাল নিডস্ আছে তাদেরকে সাহায্য করা। তারা যেসব শিক্ষার্থীদের ভর্তি করে সেগুলি বিভিন্ন হতে পারে: কিছু স্পেশাল স্কুল আছে যেগুলি শুধুমাত্র যেসব শিক্ষার্থীদের এএসডি আছে তাদের জন্য, অন্যগুলিতে নানা ধরণের শিক্ষার্থী ভর্তি করা হতে পারে যার ভেতরে শিক্ষার্থীর শেখার সমস্যা, শারীরিক সমস্যা অথবা অন্য কোন স্বাস্থ্যগত সমস্যা থাকতে পারে। এই স্কুলের শিক্ষকরা সাধারণতঃ এসব বাচ্চাদের সাথে কাজ করার জন্য সুনির্দিষ্ট প্রশিক্ষণপ্রাপ্ত হন।

- **Residential schools (আবাসিক স্কুল):** মেইনস্ট্রিম এবং স্পেশাল স্কুল উভয়েই তাদের শিক্ষার্থীদের স্কুলের এলাকার ভেতরে রাত্রি যাপনের সুযোগ দেবার জন্য আবাসিক ব্যবস্থা রাখতে পারে। এই ধরনের স্কুলগুলি সাধারণতঃ নন-মেইনটেন্ড অথবা ইন্ডিপেন্ডেন্ট স্কুল হয়ে থাকে। শিক্ষার্থীরা কত সময়ের জন্য স্কুল থাকতে পারবে সেটিতে পার্থক্য থাকতে পারে। যেসব শিশুদের এএসডি আছে তাদের জন্য পরিচালিত কিছু আবাসিক স্কুলে শিক্ষার্থীরা শুধুমাত্র স্কুল চলাকালীন সপ্তাহে থাকতে পারে এবং অন্যান্য স্কুলে তারা সারা বছর থাকতে পারে। এসব স্কুলে যেসব কর্মচারীরা কাজ করেন তারা এএসডি-তে প্রশিক্ষণ পেয়েছেন।

আমি কিভাবে জানতে পারব কোন্ স্কুল ভর্তি নিচ্ছে?

আপনি যে এলাকায় থাকেন সেখানে উপরে বর্ণিত প্রতিটি স্কুলে জায়গা খালি থাকা আবশ্যকীয় নয়। আপনার লোকাল অথরিটির কাছে আপনার এলাকার সবগুলি মেইনটেন্ড স্কুলের তালিকা থাকবে, এর ভেতরে মেইনস্ট্রিম স্কুল, স্পেশাল স্কুল এবং resource bases (রিসোর্স বেজগুলি) আছে।

National Autistic Society (ন্যাশনাল অটিস্টিক সোসাইটি) যেসব স্কুল যেসব বাচ্চাদের এএসডি আছে তাদের ভর্তি করে তাদের একটি পুস্তিকা প্রকাশ করে। এছাড়াও তারা যেসব স্কুল সম্বন্ধে জানে সেগুলির উপরে একটি অনলাইন ডাইরেক্টরি প্রকাশ করে। আপনার এলাকার স্কুল খোঁজার জন্য www.autism.org.uk/directory ওয়েবসাইট দেখুন।

যদি আপনি আপনার বাচ্চাকে একটি ইন্ডিপেন্ডেন্ট স্কুলে পাঠানোর কথা বিবেচনা করে থাকেন তাহলে *Gabbitas guide to schools for special needs* -এ *(গ্যাবিটাস গাইড টু স্কুলস্ ফর স্পেশাল নিডস্)* যেসব স্কুল যেসব এএসডি বাচ্চাদের ভর্তি করে তাদের সম্বন্ধে তথ্য জানতে পাবেন। আপনি খুব সম্ভবতঃ আপনার স্থানীয় লাইব্রেরিতে অথবা Gabbitas (গ্যাবিটাস) অথবা Independent Schools Information Service (ISIS) (ইন্ডিপেন্ডেন্ট স্কুলস্ ইনফরমেশান সার্ভিস (আইএসআইএস) এর কাছে এটি পেতে পারেন। I-CAN (আই-ক্যান) এবং AFASIC (এএফএএসআইসি) এর মত অন্যান্য ডিজএ্যাবিলিটি চ্যারিটিগুলি যেসব বাচ্চাদের কথা বলা ও ভাষাগত সমস্যা আছে তাদের জন্য উপযুক্ত স্কুলের তথ্য সরবরাহ করতে পারে। এসব তথ্য সেবা ও চ্যারিটির সাথে যোগাযোগের বিস্তারিত বিবরণ ”দরকারী যোগাযোগ” সেকশানে পাবেন।

অনেকসময় আপনি এলাকার সবচেয়ে ভাল স্কুলের ব্যাপারে আপনার বন্ধু অথবা পরিবারের সদস্যদের থেকে তথ্য ও পরামর্শ পেতে পারেন। মনে রাখবেন, প্রতিটি শিশুর চাহিদা ভিন্ন এবং একটি বাচ্চার জন্য যেটি উপকারী সেটি

আপনার বাচ্চার জন্য উপযুক্ত নাও হতে পারে, এমনকি যে বাচ্চার এএসডি আছে তার চাহিদা অন্য এএসডিতে ভোগা শিশুর থেকে আলাদা। আপনার পরিবার ও বাচ্চার জন্য কোনটি উপকারে আসবে সেটি নির্ধারণের জন্য আপনার নিজেকেই গবেষণা করতে হবে।

স্কুল পরিদর্শন করা

আপনি আপনার বাচ্চাকে যে স্কুলে ভর্তি করতে চান সেটি সম্বন্ধে আপনার ইতিমধ্যে ধারণা থাকতে পারে, অথবা আপনি হয়ত এটি নিয়ে এখনও কিছু ভাবেননি। যেকোন পরিস্থিতিতেই স্কুলে কাজকর্ম সম্বন্ধে জানা এবং তারা আপনার বাচ্চার জন্য উপযুক্ত কিনা সেটি জানার জন্য সবচেয়ে ভাল উপায় হল সেই স্কুল পরিদর্শনে যাওয়া। আপনার এলাকার সবগুলি স্কুল পরিদর্শন করা হয়ত আপনার পক্ষে সম্ভবপর হবে না কিন্তু মেইনস্ট্রিম, units (ইউনিট) এবং স্পেশাল স্কুলগুলি ঘুরে দেখা বেশ কার্যকর। এর ফলে প্রতি ধরনের স্কুলে আপনার বাচ্চা ও আপনার জন্য যেসব সুযোগসুবিধা আছে সেগুলি জানতে পারবেন। প্রাথমিক পরিদর্শনের ফলে আপনার বাচ্চার জীবনে তার স্কুলের মত একটি গুরুত্বপূর্ণ বিষয় নির্ধারণে সাহায্য করতে পারে।

যদি আপনি অনেকদিন ধরে কোন স্কুলে না যেয়ে থাকেন তাহলে স্কুল পরিদর্শন করা অত্যন্ত জরুরী। আপনার পরিদর্শনের আপনার পার্টনার, একজন বন্ধু অথবা পরিবারের সদস্য অথবা লোকাল প্যারেন্ট সাপোর্ট গ্রুপের একজন প্রতিনিধিকে সাথে নিলে ভাল হয়। আপনার সাথে অন্য কাউকে নিলে আপনি এই স্কুলের ব্যাপারে একটি ভিন্ন দিক সম্বন্ধে জানতে পারবেন। এমনকি এই পরিদর্শন শুরু করার আগে আপনারা কে কোন দিনটির উপরে নজর দিবেন সেটি নির্ধারণ করে নিতে পারেন। যেমন আপনি হেড টিচার অথবা SENCO (সেনকো), special educational needs co-ordinator (স্পেশাল এডুকেশনাল নিডস্ কো-অর্ডিনেটর), যে ব্যক্তি মেইনস্ট্রিম স্কুলে যেসব বাচ্চার স্পেশাল এডুকেশনাল নিডস্ আছে তাদের জন্য সহায়তা সমন্বয় করেন, তার সাথে কথা বলতে পারেন, একইসাথে আপনার সাথে যিনি যাবেন তিনি স্কুলের ফ্যাসিলিটির উপরে নজর দিতে পারেন। এছাড়াও আপনি যেসব প্রশ্ন জিজ্ঞাসা করতে চান সেগুলির একটি তালিকা তৈরী করা ভাল।

যেসব প্রশ্ন জিজ্ঞাসা করবেন

আপনি যেসব প্রশ্ন জিজ্ঞাসা করবেন সেগুলি আপনার চাহিদার উপরে নির্ভর করবে। নিচে এমন কিছু প্রশ্ন তুলে ধরা হল যেগুলি আপনি জিজ্ঞাসা করার কথা বিবেচনা করতে পারেন।

১. স্কুলটি এএসডি শিক্ষার্থীদের সাথে কাজ করার জন্য কোন প্রক্রিয়া অনুসরণ করে?
২. স্কুলটি যদি শুধুমাত্র একটি সুনির্দিষ্ট পদ্ধতি অবলম্বন করে যেমন TEACCH (টিইএসিসিএইচ) তাহলে তারা কি বাচ্চার চাহিদার সাথে তাল মিলিয়ে সেটি পরিবর্তন করতে পারবে?
৩. স্কুলটি কি স্বতন্ত্র ভিত্তিতে এবং সেই সাথে দলবদ্ধভাবে শেখার সুযোগ দেয়?
৪. স্কুলে লাঞ্চের সময় ফ্রী টাইমে কি করা হয়? উদাহরণস্বরূপ, তাদের কি lunch-time clubs (লাঞ্চ-টাইম ক্লাব) আছে অথবা এমন কোন সংগঠিত কার্যক্রম যেটিতে আপনার সন্তান অংশ নিতে পারেন?
৫. পেশাজীবিদের থেকে আপনার সন্তান অতিরিক্ত কি ধরনের সহায়তা পেতে পারে, যেমন, speech and language therapist or occupational therapist (স্পিচ এ্যান্ড ল্যাঙ্গুয়েজ থেরাপিস্ট অথবা অকুপেশনাল থেরাপিস্ট)?
৬. স্কুলগুলি কতদিন অন্তর এএসডি এ্যাডভাইজরি টিচারদের (ASD advisory teacher) থেকে সহায়তা পায়? (যদি এটি মেইনস্ট্রিম স্কুল হয়ে থাকে)
৭. মাবাবাদের সাথে নিয়মিত ভিত্তিতে যোগাযোগের জন্য তারা কোন পদ্ধতি অনুসরণ করে (যেমন ঘর-স্কুল বই, ইমেইল, টেক্সট্ মেসেজ, নিউজলেটার)?
৮. সব স্টাফদের কি এএসডি-র উপরে সুনির্দিষ্ট প্রশিক্ষণ আছে?
৯. এই প্রশিক্ষণ কি নিয়মিত ভিত্তিতে আপডেট করা হয়?
১০. এএসডি আছে এমন বাচ্চার সাথে কাজ করার অভিজ্ঞতা কি স্টাফদের আছে?

১১. স্টাফরা কতদিন অন্তর সুনির্দিষ্ট কোন একটি শিশুর ব্যাপারে নিজেদের ভেতরে আলোচনা করে (এর ভেতরে আছে শিক্ষক, classroom assistants, lunchtime supervisors, bus escorts, (ক্লাসরুম এ্যাসিস্টেন্ট, লাঞ্চটাইম সুপারভাইজার, বাস এসকর্ট), এবং বাইরের পেশাজীবি)?
১২. স্কুলটিকি যেসব বাচ্চার এএসডি আছে তাদেরকে আফটার স্কুল সাপোর্ট দেয় (যেমন breakfast clubs, after-school clubs (ব্রেকফাস্ট ক্লাব, আফটার স্কুল ক্লাব))?
১৩. স্কুলের কি সুনির্দিষ্ট SEN (এসইএন) এবং bullying policy (বুলিইং পলিসি) আছে? (যদি থাকে তাহলে এই পলিসির একটি কপি চেয়ে নিন)
১৪. স্কুলের কি একটি সামগ্রিক স্কুল আচরণ নীতিমালা আছে? (নীতিমালার একটি কপি চেয়ে নিন।)

এই প্রশ্নগুলি জিজ্ঞাসা করার সাথে এবং পলিসির একটি কপি পাবার সাথে স্কুলে চারদিকে ঘুরে দেখুন এবং জায়গাটি কেমন সেটি বুঝার চেষ্টা করুন। আপনি যেসব বিষয় অনুধাবন করার চেষ্টা করতে পারেন তার ভেতরে আছে:

- বাচ্চারা কোন ধরনের কার্যক্রমে জড়িত আছে?
- স্টাফরা কি সাহায্যকারী এবং উপকারী ?
- স্কুলে বিভিন্ন যেসব শিক্ষা কৌশল পরিচালনা করা হয় সেগুলি খুঁজে দেখার চেষ্টা করুন, যেমন ভিজুয়্যাল টাইমটেবিল।
- স্কুল ভবনটিকি বাচ্চাদের জন্য উপযুক্ত (নয়েজ লেভেল, আলো, স্কুল থেকে দৌড়ে বের হওয়া কতটুকু সহজ!)?
- খেলার সময়ে বাচ্চাদের কিভাবে জড়িত রাখা হয়?
- তাদের কি খেলার জন্য ভিন্ন জায়গা আছে যাতে বাচ্চারা যদি চায় তাহলে তারা অপেক্ষাকৃত শান্ত একটি জায়গা বেছে নিতে পারে?
- এমন কোন লুকানো জায়গা কি আছে যেখানে বাচ্চাদের বুলিইং করা যায়?
- প্রাপ্তবয়স্করা কি খেলার জায়গা সুপারভাইজ করেন?

যদি সম্ভব হয় তাহলে অন্য কোন মাবাবাদের সাথে কথা বলুন যাদের বাচ্চারা এই স্কুলে যায়, এর মাধ্যমে তাদের ধারণা ও অভিজ্ঞতা বুঝার চেষ্টা করুন। কিন্তু এই বিষয়টি মনে রাখবেন যে তাদের বাচ্চার চাহিদা আপনার বাচ্চার চাহিদার থেকে আলাদা হতে পারে।

আপনার পছন্দের ক্ষেত্র ছোট করে নিয়ে আসা

আপনি যখন বিভিন্ন স্কুলে পরিদর্শনের জন্য যাবেন তখন আপনি কোন্ উপকরণটি আপনার জন্য গুরুত্বপূর্ণ সেই ধারণা পেতে থাকবেন। এগুলির একটি তালিকা তৈরী করুন এবং আপনি যেসব স্কুলগুলি পরিদর্শন করেছেন সেগুলির সাথে এগুলির তুলনা করতে থাকুন। আপনার কাছে যেসব উপকরণ গুরুত্বপূর্ণ বলে মনে হয় তার সবগুলি একটি স্কুলে থাকা সম্ভব নাও হতে পারে। এই পর্যায়ে আপনাকে সিদ্ধান্ত নিতে হবে যে কোন বিষয়গুলিতে আপনি ছাড় দিবেন। আপনার নির্বচনকে ছোট করে দুটি বা তিনটি স্কুলে নিয়ে আসুন। এই বিকল্পগুলি রাখলে যদি কোন কারণবশতঃ আপনার প্রথম পছন্দের স্কুলে জায়গা না পান সেক্ষেত্রে অন্য স্কুলটি বাছাই করতে সাহায্য করতে পারবে।

স্কুলের জন্য আবেদন করা

এএসডি আছে এমন বাচ্চার কিছুর statement of special educational needs (স্টেটমেন্ট অফ স্পেশাল এডুকেশনাল নিডস্) দরকার হতে পারে, অনেকসময় এটিকে statement (স্টেটমেন্ট) বলা হয়। লোকাল অথরিটি এটি ইস্যু করে থাকে যেখানে স্কুলের ভেতরে শিক্ষার্থীদের চাহিদা পূরণের জন্য লোকাল অথরিটিকে অতিরিক্ত ফান্ড সরবরাহ করতে হয়। কিছু বাচ্চাদের স্কুল শুরু হবার আগে একটি স্টেটমেন্ট দরকার হতে পারে।

অন্যদের জন্য এই প্রক্রিয়াটি তারা স্কুল শুরু করার পরে শুরু হতে পারে, অন্যদের হয়ত এই স্টেটমেন্টের দরকার নাও হতে পারে।

একটি মেইনটেন্ড, মেইনস্ট্রিম স্কুলে আবেদনের জন্য আপনাকে এই বাচ্চার আবেদনের আগে স্টেটমেন্ট দরকার নেই। অনেক আগে থাকতে আবেদন করুন যাতে তারা দরকার হলে অন্য স্কুল বাছাই করতে পারে। যদি আপনি আপনার বাচ্চাকে একটি স্পেশাল অথবা ইন্ডিপেন্ডেন্ট স্কুলে ভর্তি করতে চান তাহলে শিক্ষার্থীর সাধারণতঃ আবেদনের আগে একটি স্টেটমেন্ট দরকার হয়। statementing (স্টেটমেন্টিং) প্রক্রিয়া সম্বন্ধে আরো জানতে হলে DCSF DCSF (ডিসিএসএফ) প্যারেন্ট এ্যান্ড কেয়ারার বুকলেট পড়ুন।

যদি আপনার সন্তানের স্টেটমেন্ট থাকে

আইন অনুসারে একজন মা অথবা বাবা হিসাবে স্কুলের ব্যাপারে আপনার পছন্দ প্রকাশ করার অধিকার আপনার আছে। একটি শিশু তার চূড়ান্ত স্টেটমেন্ট পাবার পরে ডকুমেন্টের সেকশান ৪-এ সে যে স্কুলে ভর্তি হবে সেটির নাম উল্লেখ করা হয়। কিন্তু একটি **প্রস্তাবিত** স্টেটমেন্টের সেকশান ৪ (ডকুমেন্ট চূড়ান্ত হবার আগে পাঠানো স্টেটমেন্টের একটি কপি) ফাঁকা থাকবে। আপনি প্রস্তাবিত স্টেটমেন্ট পাবার পরে লোকাল অথিরিটিকে আপনি যে স্কুলগুলি নির্বাচন করেছেন সেগুলির নাম এই সেকশানে অর্ন্তভূক্ত করার অনুরোধ করতে পারবেন। লোকাল অথরিটি এরসাথে একমত হবার আগে তারা স্কুলের সাথে কথা বলে দেখবে যে স্কুলটি এই বাচ্চাকে ভর্তি করতে রাজী আছে কিনা।

যদি স্থানীয় কর্তৃপক্ষ আপনার পছন্দের স্কুলের নাম উল্লেখ করতে অস্বীকৃতি জানায় তাহলে আপনি তার পেছনের কারণ জিজ্ঞাসা করার অধিকার রাখেন এবং এই সিদ্ধান্ত পর্যালোচনা করতে বলতে পারেন। যদি এর কোন ক্ষেত্রে আপনার সমস্যা হয় তাহলে চূড়ান্ত স্টেটমেন্টে সই করার আগে আপনার লোকাল Parent Partnership Service (প্যারেন্ট পার্টনারশিপ সার্ভিস) অথবা “জরুরী যোগাযোগ” সেকশানে উল্লেখিত কোন একটি helplines (হেল্পলাইন) থেকে সাহায্য নিতে পারেন।

প্রাইমারী থেকে সেকেন্ডারী স্কুলে যাওয়া

যেসব শিক্ষার্থী প্রাইমারী থেকে সেকেন্ডারী স্কুলে যাবে যাদের স্টেটমেন্ট আছে তারা গতানুগতিক ভর্তি প্রক্রিয়া অনুসরণ করে না। ট্রান্সফারের বছরে ১৫ ফেব্রুয়ারী তারিখের ভেতরে তাদের লোকাল অথিরিটিকে অবশ্যই স্টেটমেন্টে সঠিক করে তাদের নতুন স্কুলের নাম উল্লেখ করতে হবে। এটি Special Education Needs Code of Practice (স্পেশাল এডুকেশান নিডস্ কোড অফ প্র্যাকটিসের) সেকশান ৫.৭২ এবং ৮.১৩২ এ উল্লেখ করা হয়েছে। স্পেশাল এডুকেশান নিডস্ কোড অফ প্র্যাকটিস (অথবা কোড অফ প্র্যাকটিস) হল যেসব বাচ্চাদের স্পেশাল এডুকেশান নিডস্ আছে তাদেরকে সাহায্য করার জন্য স্কুল ও লোকাল অথরিটিকে জন্য একটি নির্দেশিকা।

কোড অফ প্র্যাকটিসে এই মর্মে সুপারিশ করা হয়েছে ৫ বছরের annual review (বাৎসরিক পর্যালোচনায়) যে ধরনের স্কুলগুলি আপনার বাচ্চার প্রাইমারী স্কুল ছেড়ে আসার পরে তার জন্য সবচেয়ে বেশী উপযুক্ত হবে সেগুলির ব্যাপারে স্পষ্ট সুপারিশ করতে হবে। এজন্য আপনি ও আপনার বাচ্চার পক্ষে যে স্কুলগুলি আপনারা বিবেচনা করছেন সেগুলি ইয়্যার ৫এর এ্যানুয়াল রিভিউয়ের আগে পরিদর্শন করা গুরুত্বপূর্ণ, যাতে আপনারা আপনাদের পছন্দ জানাতে।

যখন একটি শিশু early years (আর্লি ইয়্যারস্) সেটিং থেকে প্রাইমারী স্কুলে যাচ্ছে তখন একটি স্টেটমেন্ট সঠিক করার জন্য কোন ডেডলাইন নাই।

গুরুত্বপূর্ণ যোগাযোগ

নিচের অধিকাংশ সেবা শুধুমাত্র ইংরেজীতে দেয়া হয়। যেখানে একটি সংস্থা অন্য কোন ভাষাতে তথ্য দিতে পারে সেখানে এটি উল্লেখ করা হয়েছে।

টেলিফোন হেল্পলাইনঃ

Advocacy for Education Service (এ্যাডভোকেসি ফর এডুকেশন সার্ভিস্)
টেলিঃ 0845 070 4002
ওয়েবসাইটঃ www.autism.org.uk/advocacy
National Autistic Society-র Advocacy for Education Service মাবাবারা কিভাবে তাদের যেসব শিশুদের এএসডি আছে তাদের জন্য সবচেয়ে ভাল শিক্ষার ব্যবস্থা করতে পারে তার উপরে পরামর্শ দিয়ে থাকে। এছাড়াও যেসব মাবাবারা বাচ্চাদের এএসডি আছে যারা ট্রাইবুন্যালে আপীল করছেন তাদেরও সাহায্য করে। যখন Advocacy for Education Service -এর সাথে যোগাযোগ করবেন তখন আপনাকে একটি মেসেজ ও যোগাযোগের বিস্তারিত বিবরণ আন্সার ফোনে ইংরেজীতে রাখতে হবে;একজন প্রশিক্ষণপ্রাপ্ত ভোলেন্টিয়ার এক সপ্তাহের ভেতরে আপনাকে ফোন করবেন। যদি আপনার দোভাষী দরকার হয় তাহলে দয়া করে আপনার মেসেজে এটি এবং কোন ভাষায় এটি দরকার সেটি উল্লেখ করুন।

AFASIC (এএফএএসআইসি)
টেলিঃ 0845 355 5577
সকাল ১০টা থেকে দুপুর ২টা পর্যন্ত খোলা, মঙ্গলবার এবং বুধবার, সকাল ১০টা থেকে দুপুর বৃহস্পতিবার।
AFASIC (এএফএএসআইসি) যেসব বাচ্চার কথা বলা ও ভাষাগত সমস্যা আছে তাদের মাবাবার জন্য স্কুলের ব্যাপারে পরামর্শ ও তথ্য সরবরাহ করে।

IPSEA (Independent Panel for Special Education Advice) আইপিএসইএ (ইন্ডিপেন্ডেন্ট প্যানেল ফর স্পেশাল এডুকেশন এ্যাডভাইস)
টেলিঃ 0800 018 4016 ওয়েবঃ www.ipsea.org.uk
এই হেল্পলাইনে পেশাজীবিরা আছেন যারা স্পেশাল নিডস্ এডুকেশানের সকল ক্ষেত্রের উপরে পরামর্শ দেয়।

ACE (Advisory Centre for Education) এসিই (এ্যাডভাইজারি সেন্টার ফর এডুকেশান)
টেলিঃ 0808 800 5793 (সাধারণ পরামর্শ)
টেলিঃ 0808 800 0327 (স্কুল থেকে বহিষ্কারের ব্যাপারে পরামর্শ)
সকাল ১০টা থেকে ৫টা পর্যন্ত, সোম থেকে শুক্রবার
যেসব মাবাবা এবং পেশাদাররা শিক্ষাগত বিভিন্ন বিষয়ে নানাবিধ তথ্য ও পরামর্শ প্রদান করেন তাদের জন্য এই হেল্পলাইন।

Network 81 (নেটওয়ার্ক ৮১)
টেলিঃ 0870 770 3306
ওয়েবঃ www.network81.org/
সকাল ১৯টা থেকে দুপুর ২টা, সোম থেকে শুক্রবার
স্পেশাল এডুকেশান সম্বন্ধে যাবতীয় বিষয়ে পরামর্শ।

শিক্ষাগত পরামর্শ সেবাঃ

Gabbitas Educational Consultants
Carrington House
126-130 Regent Street
London W1R 6EE
টেলিঃ 020 7734 0161
ফ্যাক্সঃ 020 7437 1764
ইমেইলঃ market@gabbitas.co.uk
ওয়েবসাইটঃ www.gabbitas.co.uk

Gabbitas Educational Consultant-রা (গ্যাবিটাস এডুকেশনাল কনসালটেন্ট) যেসব মাবাবারা তাদের সন্তানের জন্য উপযুক্ত একটি ইন্ডিপেন্ডেন্ট স্কুল খুঁজে বের করতে চান তাদেরকে সেবা প্রদান করে। তারা এই সেবার জন্য টাকা নিয়ে থাকে।

একইসাথে তারা *Gabbitas guide to schools for special needs* (*গ্যাবিটাস গাইড টু স্কুলস্ ফর স্পেশাল নিডস্*) (Kogan Paul (কোগান পল) প্রকাশিত) প্রকাশ করে যেখানে ব্রিটেনের সব স্পেশাল স্কুলের তালিকা থাকে, এখানে যেসব ইন্ডিপেন্ডেন্ট স্কুলগুলি যেসব শিক্ষার্থীদের স্পেশাল এডুকেশনাল নিডস্ আছে তাদের ভর্তি করতে প্রস্তুত আছে সেসব স্কুলের তালিকাও থাকে। এটি আপনার লোকাল লাইব্রেরী অথবা বুকশপ থেকে অর্ডার করতে পারবেন।

National ISIS
Grosvenor Gardens House
35-37 Grosvenor Gardens
London SW1W 0BS
টেলিঃ 020 7798 1500
ইমেইলঃ national@isis.org.uk
ওয়েবসাইটঃ www.isis.org.uk

Independent Schools Information Service (ISIS) (ইন্ডিপেন্ডেন্ট স্কুলস্ ইনফরমেশান সার্ভিস (আইএসআইএস) একই ধরনের সেবা Gabbitasকে (গ্যাবিটাস) প্রদান করে।

National Parent Partnership Network (NPPN) (ন্যাশনাল প্যারেন্ট পার্টনারশিপ নেটওয়ার্ক) (এনপিপিএন)
ওয়েবসাইটঃ www.parentpartnership.org.uk/Templates/index.htm

যেসব বাচ্চাদের স্পেশাল এডুকেশনাল নিডস্ আছে তাদের মাবাবাদের জন্য কেন্দ্রীয় সরকারের অর্থায়নে পরিচালিত নিরপেক্ষ পরামর্শ সেবা। নেটওয়ার্ক সব ধরনের সহায়তা প্রদান করে, এর ভেতরে স্কলে আসন খুঁজে বের করা এবং আপনার বাচ্চার জন্য শিক্ষাগত সহায়তা প্রদান করে।

Invalid Childrens Aid Network (I-CAN) (ইনভ্যালিড চিলড্রেনস্ এইড নেটওয়ার্ক (আই-ক্যান)
I-CAN (আই-ক্যান) যেসব বাচ্চাদের কথা বলা ও ভাষাগত সমস্যা আছে তাদের জন্য উপযুক্ত স্কুলের একটি তালিকা প্রকাশ করে। আপনি 0870 010 4066 নাম্বারে ফোন করে এর একটি কপি পেতে পারেন।

গুরুত্বপূর্ণ প্রকাশনা:

National Autistic Society (2004). *Schools, units and classes for children with autism and Asperger syndrome* (ন্যাশনাল অটিস্টিক সোসাইটি (২০০৪)। যেসব বাচ্চাদের অটিজম এবং এ্যাসাপার্জার সিনড্রম আছে তাদের জন্য স্কুল, ইউনিট এবং ক্লাস) লন্ডন: দ্যা National Autistic Society। NAS (এনএএস) পাবলিকেশান থেকে অর্ডার করতে পারেন।

NAS Publications
Central Books Ltd
99 Wallis Road
London E9 5LN
টেলি: +44 (0)845 458 9911
ফ্যাক্স: +44 (0)845 458 9912
ইমেইল: nas@centralbooks.com
অনলাইনে অর্ডার: www.autism.org.uk/pubs

© Autism Education Trust (অটিজম এডুকেশান ট্রাস্ট) ২০০৯

National Autistic Society প্রকাশিত থেকে সংগৃহীত

পরিভাষা

After-school clubs (আফটার স্কুল ক্লাব) - স্কুল ছুটি হবার পরে স্কুল কর্তৃক তার শিক্ষার্থীদের জন্য আয়োজীত সামাজিক ও বিনোদনমূলক কর্মকান্ড।

Annual review (বাৎসরিক প্রতিবেদন) - স্পেশাল এডুকেশনাল নিডসের বাৎসরিক প্রতিবেদন।

ASD advisory teacher (এএসডি এ্যাডভাইজারি টিচার) - একজন বিশেষজ্ঞ শিক্ষক যিনি স্কুল ও আর্লি ইয়্যারস্ সেন্টার পরিদর্শন করে যেসব কর্মচারীরা এমন বাচ্চাদের সাথে কাজ করে যাদের অটিজম স্পেকট্রাম ডিজঅর্ডার আছে তাদেরকে শিক্ষা লাভে সাহায্য করেন।

Asperger syndrome (এ্যাসপার্জার সিনড্রম) - এটি এমন এক ধরনের অটিজম যেখানে আক্রান্ত ব্যক্তির কোন শিক্ষাগত সমস্যা অথবা ডিলেইড স্পিচ ডেভলাপমেন্ট থাকে না।

Autism (অটিজম) - এটি এক ধরনের ডিজএ্যাবিলিটি যেটি একজন বক্তি অন্যের সাথে যেভাবে যোগাযোগ স্থাপন করেন এবং তার চারপাশের জগৎ সম্বন্ধে ধারণা গড়ে তোলেন তার উপরে প্রভাব রাখে।

Autism spectrum disorders (অটিজম স্পেকট্রাম ডিজঅর্ডার) - এটি আমব্রেলা টার্মের একটি সাধারণ নাম যেটি যাদের অটিজম এবং সম্পর্কিত ডিজএ্যাবিলিটি আছে তাদের বর্ণনা দেয়ার ক্ষেত্রে ব্যবহার করা হয়।

Breakfast club (ব্রেকফাস্ট ক্লাব) - এটি এমন একটি ব্যবস্থা যার মাধ্যমে শিক্ষার্থীরা স্কুল শুরু হবার আগে স্কুলে পৌছে তাদের সকালের নাস্তা করতে পারে।

Bus escorts (বাস এসকোর্ট) - যখন লোকাল অথরিটি স্কুলে যাতায়াতের ব্যবস্থা করে, যেসব শিক্ষার্থীদের ডিজএ্যাবিলিটি আছে তাদেরকে স্কুলে দিতে ও স্কুল থেকে আনতে বাস এসকোর্ট শিক্ষার্থীদের সঙ্গ প্রদান করে।

Classroom assistants (ক্লাসরুম এ্যাসিস্টেন্ট) - যারা আলাদা শিক্ষার্থী অথবা অল্প কিছু শিক্ষার্থীর গ্রুপের সাথে কাজ করার মাধ্যমে তাদের সাহায্য করেন।

Department of children, schools and families (DCSF) (ডিপার্টমেন্ট অফ চিলড্রেন, স্কুলস্ এ্যান্ড ফ্যামিলিজ (ডিসিএসএফ)) - এটি একটি সরকারী সংস্থা যারা লোকাল অথরিটি এবং স্কুলকে বাচ্চাদের শিক্ষাগত বিষয়ে নির্দেশনা প্রদান করে।

Early years centre (আর্লি ইয়্যারস্ সেন্টার) - নার্সারী, স্কুল, ডে কেয়ার প্রভিশান অথবা প্লেগ্রাউন্ডের মত যেকোন জায়গায় ৫ বছরের অনূর্দ্ধ বাচ্চাদের যারা প্রি-স্কুল শিক্ষা প্রদান করে।

Head Teacher (হেড টিচার) - যে ব্যক্তি স্কল পরিচালনা করেন।

Helplines (হেল্পলাইন) - সাধারণতঃ এমন টেলিফোন সেবা যেখানে সুনির্দিষ্ট বিষয়ে তথ্য প্রদান করা হয়।

Independent school (ইন্ডিপেন্ডেন্ট স্কুল) - যেসব স্কুল সরকার থেকে কোন অর্থ সাহায্য পায় না।

Lunchtime clubs (লাঞ্চটাইম ক্লাব) - লাঞ্চটাইমে আয়োজীত কর্মকান্ড ও আগ্রহী গ্রুপ যাতে যেসব ছাত্রদের এএসডি আছে তারা তাদের পছন্দের কর্মকান্ডে অথবা একটি সোশ্যাল গ্রুপে যোগদান করতে পারে।

Lunchtime supervisors (লাঞ্চটাইম সুপারভাইজার) - যারা ডিনার হল ও প্লে গ্রাউন্ডে লাঞ্চটাইমের সময় শিক্ষার্থীদের আচার আচরণের জন্য দায়ী থাকেন।

Mainstream school (মেইনস্ট্রিম স্কুল) - গতানুগতিক স্কুল যেগুলি পরিচালিত হয় প্রাইমারী ও সেকেন্ডারী স্কুল বয়সের সব শিক্ষার্থীদের লক্ষ্য করে।

Occupational therapist (অকুপেশনাল থেরাপিস্ট) - পেশাজীবিরা যারা বাচ্চাদের সাথে কাজ করার মাধ্যমে তাদের শারীরিক দক্ষতা বৃদ্ধি ও খাপ খাইয়ে নেয়া ও উপযুক্ত সরঞ্জামের ব্যাপারে পরামর্শ দিয়ে থাকেন।

Residential school (আবাসিক স্কুল) - যেসব স্কুলগুলি তার শিক্ষার্থীদের স্কুলের ভেতরে রাতে থাকার অনুমতি দেয়।

SEN and bullying policy (এসইএন এবং বুলিইং পলিসি) - এটি এমন একটি পলিসি যেখানে যেসব বাচ্চাদের স্পেশাল এডুকেশনাল নিডস্ আছে তাদের প্রতি যদি কোনপ্রকার বুলিইং করা হয় সেটি প্রতিরোধে স্কুলের গৃহীত পদক্ষেপের বিবরণ দেয়া হয়।

Special educational needs (স্পেশাল এডুকেশনাল নিডস্) - এই টার্মটি যুক্তরাজ্যে এমন বাচ্চাদের বিবরণ দিতে উল্লেখ করা হয় যাদের যেকোন ধরনের লার্নিং ডিফিকাল্টি অথবা ডিজএ্যাবিলিটি আছে যার ফলে তাদের পক্ষে তাদের বয়সী অন্যান্য বাচ্চাদের সমহারে শিক্ষালাভ কঠিন।

Special educational needs code of practice (স্পেশাল এডুকেশনাল নিডস্ কোড অফ প্র্যাকটিস) - এটি স্কুল ও লোকাল অথরিটির জন্য একটি নির্দেশিকা যেখানে যেসব বাচ্চাদের স্পেশাল এডুকেশনাল নিডস্ আছে তাদেরকে কিভাবে সাহায্য করা যায় উল্লেখ করা আছে।

Special educational needs co-ordinator (স্পেশাল এডুকেশনাল নিডস্ কো-অর্ডিনেটর) - যে ব্যক্তি যেসব শিক্ষার্থীরা মেইনস্ট্রিম স্কুলে পড়ে এবং যাদের স্পেশাল এডুকেশনাল নিডস্ আছে তাদের জন্য সহায়তার সমন্বয় সাধন করেন।

Special educational needs disability act 2001 (স্পেশাল এডুকেশনাল নিডস্ ডিজএ্যাবিলিটি এ্যাক্ট ২০০১) - এটি এমন একটি আইন যার মাধ্যমে যেসব শিক্ষার্থীর স্পেশাল নিডস্ আছে তাদের অধিকার এবং তাদেরকে সহায়তার জন্য আইনী প্রক্রিয়া ব্যাখ্যা করা হয়।

Special school (স্পেশাল স্কুলস্) - এমন স্কুল যেগুলি সুনির্দিষ্টভাবে যেসব বাচ্চার ডিজএ্যাবিলিটি অথবা স্পেশাল এডুকেশনাল নিডস্ আছে তাদের জন্য পরিচালিত হয়।

Specialist unit or resource base (স্পেশালিস্ট ইউনিট অথবা রিসোর্স বেজ) - এটি এমন একটি জায়গা যেখানে প্রাইমারী ও সেকেন্ডারীর মেইনস্ট্রিম স্কুলের যেসব শিক্ষার্থীর এএসডি আছে তাদের জন্য আলাদা ক্লাস অনুষ্ঠিত হয়। বাচ্চাদের এই বেজে কিছু সময়ের জন্য সহায়তা বা শিক্ষা দেয়া হয়, একই সাথে যখন উপযুক্ত হয় তখন তাদেরকে মেইনস্ট্রিম স্কুলে প্রবেশের সুযোগ নিতে সাহায্য করা হয়।

Speech and language therapist (স্পিচ এ্যান্ড ল্যাঙ্গুয়েজ থেরাপিস্ট) - যেসব পেশাজীবিরা বাচন ও যোগাযোগ দক্ষতা বৃদ্ধির জন্য কাজ করেন।

State or maintained school (স্টেট অথবা মেইনটেন্ড স্কুল) - এমন স্কুল যেগুলি সাধারণতঃ লোকাল অথরিটির অর্থ সাহায্য পেয়ে থাকে।

Statement of special educational needs (স্টেটমেন্ট অফ স্পেশাল এডুকেশনাল নিডস্) - স্কুলের ভেতরে শিক্ষার্থীদের চাহিদা পূরণ ও অতিরিক্ত সহায়তা প্রদানের জন্য লোকাল অথরিটি এটি জারী কওে থাকে।

Treatment and Education of Autistic and related Communication handicapped Children (TEACCH) (ট্রিটমেন্ট এ্যান্ড এডুকেশন অফ অটিস্টিক এ্যান্ড রিলেটেড কমিউনিকেশান হ্যান্ডিক্যাপড্ চিলড্রেন (টিইএসিসিএইচ)) - যাদের এএসডি আছে তাদের জন্য নিয়ন্ত্রিত পন্থায় দৃশ্যমান সহায়তা ব্যবহারের মাধ্যমে কাজ করার একটি কৌশল।

The National Autistic Society (দ্যা ন্যাশনাল অটিস্টিক সোসাইটি) - এটি একটি চ্যারিটি যারা যাদের এএসডি আছে তাদের এবং তাদের পরিবারকে সহায়তা, পরামর্শ ও সেবা প্রদান করে।